

7th Meeting of India–Mongolia Joint Committee on Cooperation

December 03, 2020

সহযোগিতা সম্পর্কিত ভারত-মঙ্গোলিয়া যৌথ কমিটির 7ম বৈঠক

ডিসেম্বর 03, 2020

03 ডিসেম্বর 2020 -এ সহযোগিতা বিষয়ক ভারত-মঙ্গোলিয়া যৌথ কমিটির 7ম বৈঠকটি অনুষ্ঠিত হয়েছিল। বৈঠকের সভাপতিত্ব করেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী (ইএএম), ডঃ এস জয়শঙ্কর এবং মঙ্গোলিয়া সরকারের মন্ত্রী ও মুখ্যমন্ত্রী মল্লিসভা সচিব মহামান্য শ্রী এল ওয়ুন-এরদেন।

2. দুই মন্ত্রী দ্বিপাক্ষিক সহযোগিতা সংক্রান্ত যাবতীয় বিষয় নিয়ে ব্যাপক আলোচনা করেন। দুই মন্ত্রী ২০১৫ সালের মে মাসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ঐতিহাসিক রাষ্ট্রীয় মঙ্গোলিয়া সফরের কথা স্মরণ করেন যখন দু'দেশের মধ্যে অংশীদারিত্বকে এক স্তরের কৌশলগত অংশীদারিত্বের স্তরে উন্নীত করা হয়েছিল। উভয় পক্ষ 2019 সালের সেপ্টেম্বর মাসে মঙ্গোলিয়ান রাষ্ট্রপতি মহামান্য খালতমাগিন বাটুলগার রাষ্ট্রীয় ভারত সফরের কথাও মনে করেন এবং এই সফরগুলি যে দ্বিপাক্ষিক সম্পর্ক এবং ভাগ করা মূল্যবোধকে আরও এগিয়ে নিতে যথেষ্ট অবদান রেখেছে তা উল্লেখ করেন।

3. দুই মন্ত্রী এই বছর ভারত এবং মঙ্গোলিয়ার মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 65তম বার্ষিকীর বিষয়টির উল্লেখ করেছেন। তারা সন্তুষ্টির সাথে উল্লেখ করেন যে বিশেষত গত কয়েক বছরে দু'দেশের মধ্যে সম্পর্ক আরও গভীর ও দৃঢ় হয়েছে।

4. কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 65তম বার্ষিকী উপলক্ষে মঙ্গোলিয়ান পক্ষ মঙ্গোল পোস্টের জারী করা একটি বিশেষ স্ট্যাম্প প্রকাশ করেছে। পররাষ্ট্রমন্ত্রী, ভারত সরকার দ্বারা ন্যাশনাল মিশন ফর ম্যানুস্ক্রিপ-এর অধীনে মুদ্রিত 108 খণ্ডে বৌদ্ধ ক্যানোনিকাল পার্শ্ব মঙ্গোলিয় কানজুরের 25 খণ্ড ভার্সুয়াল মাধ্যমে হাতে তুলে দেন।

5. দুই মন্ত্রী আঞ্চলিক ও বহুপাক্ষিক ফোরামে দু'দেশের মধ্যে সমন্বয়ের ইতিবাচকভাবে মূল্যায়ন করেছেন এবং প্রাসঙ্গিক আন্তর্জাতিক ফোরামে একে অপরকে সমর্থন করার পাশাপাশি এই ঐতিহ্যকে অব্যাহত রাখতে সম্মত হয়েছেন।

6. মঙ্গোলিয়ার আন্তর্জাতিক সোলার অ্যালায়েন্সে যোগ দেওয়ার সিদ্ধান্তকে ভারতীয় পক্ষ স্বাগত জানিয়েছে। উভয় পক্ষই এই বিষয়ে সম্মত হয় যে এই উদ্যোগ ভারত, মঙ্গোলিয়া এবং বিশ্বে পরিষ্কার জ্বালানির ব্যবহারকে আরও উত্সাহিত করবে।

7. উভয় পক্ষই এর আগে উলানবাটারে একটি আয়ুষ্ ইনফরমেশন সেল গঠনের বিষয়ে সম্মত হয়। মঙ্গোলিয়া কর্তৃক ভারতীয় নাগরিকদের জন্য 'ভিসা অন অ্যারাইভাল' স্ট্যাটাস স্থাপনার জন্য ভারতীয় পক্ষ তার প্রশংসা জানায়।

8. দুই মন্ত্রী সন্তুষ্টি প্রকাশ করেছেন যে কোভিড-19 চ্যালেঞ্জ সত্ত্বেও গত কয়েকমাসে দু'দেশের মধ্যে বেশ কয়েকটি বিশেষ বিমানের ব্যবস্থা করা হয়েছিল, যার ফলে উভয় পক্ষের নাগরিকরা তাদের নিজ দেশে ফিরে যেতে পেরেছিল। উভয় মন্ত্রী মঙ্গোলিয়া দ্বারা ভারত থেকে ভবিষ্যতে কোভিড-19 ভ্যাকসিন ক্রয় সহ কোভিড-19 -এর বিরুদ্ধে লড়াইয়ের ক্ষেত্রে সম্ভাব্য সহযোগিতার বিষয়েও মতবিনিময় করেছেন।

9. উভয় মন্ত্রী 1.236 বিলিয়ন মার্কিন ডলারের লাইন অফ ক্রেডিট অয়েল রিফাইনারি প্রোজেক্ট এবং আইসিটি ও আউটসোর্সিং-এ 20 মিলিয়ন মার্কিন ডলারের অটল বিহারী বাজপায়ী সেন্টার অফ এক্সেল্যান্স সহ চলতি উন্নয়নমূলক অংশীদারী প্রকল্পগুলির অগ্রগতিরও মূল্যায়ন করেন।

10. উভয়পক্ষ সহযোগিতা বিষয়ক ভারত-মঙ্গোলিয়া যৌথ কমিটির পরবর্তী বৈঠক ২০২১ সালে করতে সম্মত হয়েছে।

নিউ দিল্লী

ডিসেম্বর 03, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.